২১০৮২৩২৬০৮১৯০৩।



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে
প্রতিশ্রুতিবদ্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
প্রশাসন শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nmst.gov.bd

স্মারক নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০২.৩৫.০০০৫.২৫.৩০৭

তারিখ: ৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **'বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬' এ অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ব্যবস্থাপনায় প্রথমবারের মতো তিন দিনব্যাপী 'বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬' আগামী ১২ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ঢাকার বিজয় সরণিতে অবস্থিত নভোথিয়েটারে অনুষ্ঠিত হবে। উক্ত আয়োজনের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকতে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

০২। উক্ত ইনোভেশন ফেয়ার-এ উদ্ভাবক, উদ্যোক্তা, বিনিয়োগকারী এবং শিল্প প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণের সুযোগ রয়েছে। দেশের সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি পর্যায়ে বাস্তবায়নযোগ্য উদ্ভাবন বাণিজ্যিকীকরণের লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠান/বিনিয়োগকারীদের যোগসূত্র স্থাপনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের বিকাশকে ত্বরান্বিত করবে। এরূপ সম্ভাবনাময় আয়োজনকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে তাঁর কর্মক্ষেত্র/অধিক্ষেত্রের আওতাধীন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংগঠন/সংস্থা'কে আগামী ১৮ হতে ২৭ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে আবেদন করে অংশগ্রহণের (আবেদন লিংক https://innovationfairbd.org/innovator-application-form) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, প্রাথমিক যাচাই-বাছাই-শেষে নির্দিষ্ট সংখ্যক উদ্ভাবককে আগামী ১২ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত আয়োজিত 'বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬' এ অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিতগণকে পুরস্কার ও সম্মাননা প্রদান করা হবে।

১৮-০৮-২০২৬
ড. মো: মনিরুজ্জামান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮-০২-৫৮১৬০৬০৯
ইমেইল : dg@nmst.gov.bd

বিতরণঃ
১। জেলা প্রশাসক (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০২.৩৫.০০০৫.২৫.৩০৭/১ (৪)

তারিখ: ৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

CamScanner